রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ২, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**

**প্রশাসন-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৬ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ/২৯ এপ্রিল ২০১৯ খ্রিস্টাব্দ

**এস, আর, ও, নম্বর ১০৩-আইন/২০১৯।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। **শিরোনাম।**—এই বিধিমালা স্থাপত্য অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার কোনো তফসিল;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা তদ্‌কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোনো কর্মকর্তা;

(ঘ) "পদ" অর্থ তফসিল-১ এ উল্লিখিত কোনো পদ;

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিল-১ এ উল্লিখিত যোগ্যতা;

(চ) "শিক্ষানবিশ" অর্থ কোনো পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোনো ব্যক্তি;

(ছ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" অর্থ আপাতত বলবৎ কোনো আইন দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয় বা বোর্ড এবং এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক অনুমোদিত অন্য কোনো বিশ্ববিদ্যালয় বা বোর্ডও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি।**—(১) তফসিল-১ এ বর্ণিত বিধান এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি সাপেক্ষে, কোনো পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ করা যাইবে, যথা :—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলির মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা যাইবে না যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাহার বয়স উক্ত পদের জন্য তফসিল-১ এ বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ।**—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাবহির্ভূত কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইলড না হন; এবং

(খ) এমন কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোনো পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হয়, কিংবা তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৫) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকুরী বা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালীন স্বীয় ঊর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই কমিটি অথবা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে :

তবে শর্ত থাকে যে, ১৩তম—১৬তম বেতন গ্রেডের কোনো পদ হইতে ১০ম—১২তম বেতন গ্রেডের কোনো পদে এবং ১০ম—১২তম বেতন গ্রেডের কোনো পদ হইতে ৯ম বা তদূর্ধ্ব বেতন গ্রেডের কোনো পদে কমিশনের সুপারিশ ব্যতিরেকে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে না।

(২) যদি কোনো ব্যক্তির চাকুরী বৃত্তান্ত সন্তোষজনক না হয় তা হইলে তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিশি।**—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবে :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিশির মেয়াদ এইরূপ বর্ধিত করিতে পারিবেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যেক্ষেত্রে কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার কর্ম ও আচরণ সন্তোষজনক নহে বা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা নাই সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিশের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাঁহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিশির মেয়াদকালে কোনো শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করে যে, উক্ত মেয়াদকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোনো শিক্ষানবিসকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারি আদেশবলে সময় সময় যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **বিশেষ বিধান**।—(১) তফসিল-১ এর ক্রমিক নং ৪০ এবং ৪১ এ উল্লিখিত, যথাক্রমে, স্থায়ীভাবে নিয়োগকৃত অফিস সহায়ক এবং পরিচ্ছন্নতা কর্মী পদে কর্মরত কোনো কর্মচারীর পদ পদোন্নতি, অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে, উক্ত পদসমূহ 'আউট সোর্সিং (out sourcing) এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮' অনুসারে পূরণ করিতে হইবে।

(২) কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতি কোটা বিভাজনে কোনো ভগ্নাংশ থাকিলে উভয় কোটার ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে।

৮। **রহিতকরণ ও হেফাজত**।—(১) এই বিধিমালা কার্যকর হইবার সঙ্গে সঙ্গে Architects (Gazetted Officers) Recruitment Rules, 1984 এবং Non-gazetted Employees (Department of Architecture) Recruitment Rules, 1984, অতঃপর উক্ত দুইটি Rules বলিয়া উল্লিখিত, রহিত হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও,—

(ক) উক্ত দুইটি Rules এর অধীন—

(অ) নিয়োগপ্রাপ্ত সকল কর্মকর্তা ও কর্মচারী এই বিধিমালার অধীন নিয়োগপ্রাপ্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবে;

(আ) কৃত কার্য বা গৃহীত ব্যবস্থা এই বিধিমালার অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে;

(ই) গৃহীত কোনো কার্যক্রম নিষ্পন্নাধীন থাকিলে উহা উক্ত Rules দুইটির অধীন এমনভাবে নিষ্পন্ন করিতে হইবে যেন এই বিধিমালা কার্যকর হয় নাই; এবং

(খ) Non-gazetted Employees (Department of Architecture) Recruitment Rules, 1984 এর অধীন নিয়োগকৃত তফসিল-১ এর ক্রমিক নং ৪০ এ উল্লিখিত অফিস সহায়কগণ, অফিস সহকারী পদের বিপরীতে উল্লিখিত যোগ্যতা পূরণ সাপেক্ষে, পদোন্নতি প্রাপ্ত হইবেন।

**তফসিল-১**

*[বিধি ২ (খ), (ঘ), (ঙ) এবং বিধি ৩ দ্রষ্টব্য]*

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | প্রধান স্থপতি | - | পদোন্নতির মাধ্যমে | অতিরিক্ত প্রধান স্থপতি পদে ২ (দুই) বৎসরের চাকুরীসহ ৯ম বা তদূর্ধ্ব বেতন গ্রেডের পদে অন্যূন ১৭ (সতেরো) বৎসরের চাকুরী। |
| ২। | অতিরিক্ত প্রধান স্থপতি | - | পদোন্নতির মাধ্যমে | তত্ত্বাবধায়ক স্থপতি পদে অন্যূন ২ (দুই) বৎসরের চাকুরীসহ ৯ম বা তদূর্ধ্ব বেতন গ্রেডের পদে অন্যূন ১৪ (চৌদ্দ) বৎসরের চাকুরী। |
| ৩। | তত্ত্বাবধায়ক স্থপতি | - | পদোন্নতির মাধ্যমে | নির্বাহী স্থপতি পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরীসহ ৯ম বা তদূর্ধ্ব বেতন গ্রেডের পদে অন্যূন ১২ (বারো) বৎসরের চাকুরী। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৪। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী | - | প্রেষণে নিয়োগের মাধ্যমে | বাংলাদেশ সিভিল সার্ভিস (গণপূর্ত) ক্যাডারের সমপদমর্যাদার কর্মকর্তাদের মধ্য হইতে প্রেষণে বদলির মাধ্যমে। |
| ৫। | নির্বাহী স্থপতি | - | পদোন্নতির মাধ্যমে | সিনিয়র সহকারী স্থপতি পদে অন্যূন ৪ (চার) বৎসরের চাকুরীসহ ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকুরী:<br>তবে বিধিমালা জারির তারিখে যে সকল সহকারী স্থপতির ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকুরী পূর্ণ হইয়াছে তাহারাও পদোন্নতির যোগ্য হইবেন। |
| ৬। | নির্বাহী প্রকৌশলী সিভিল/ই/এম | - | প্রেষণে নিয়োগের মাধ্যমে | বাংলাদেশ সিভিল সার্ভিস (গণপূর্ত) ক্যাডারের সমপদমর্যাদার কর্মকর্তাদের মধ্য হইতে প্রেষণে বদলির মাধ্যমে। |
| ৭। | সিনিয়র সহকারী স্থপতি | - | পদোন্নতির মাধ্যমে | সহকারী স্থপতি পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৮। | উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল/ই/এম) | - | প্রেষণে নিয়োগের মাধ্যমে | বাংলাদেশ সিভিল সার্ভিস (গণপূর্ত) ক্যাডারের সমপদমর্যাদার কর্মকর্তাদের মধ্য হইতে প্রেষণে পদায়নের মাধ্যমে। |
| ৯। | সহকারী স্থপতি | ৩০ বৎসর | (ক) শতকরা ২০ (বিশ) ভাগ পদোন্নতির মাধ্যমে:<br>তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) শতকরা ৮০ (আশি) ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>উপ-সহকারী স্থপতি পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী এবং কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্থাপত্যে স্নাতক ডিগ্রি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্থাপত্যে স্নাতক ডিগ্রি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১০। | সহকারী প্রকৌশলী | - | প্রেষণে নিয়োগের মাধ্যমে | বাংলাদেশ সিভিল সার্ভিস (গণপূর্ত) ক্যাডারের সমপদমর্যাদার কর্মকর্তাদের মধ্য হইতে প্রেষণে বদলির মাধ্যমে। |
| ১১। | প্রশাসনিক কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে | তত্ত্বাবধায়ক পদে ১০ (দশ) বৎসরের চাকুরী। |
| ১২। | উপ-সহকারী স্থপতি | ৩০ বৎসর | (ক) শতকরা ৮০ (আশি) ভাগ পদোন্নতির মাধ্যমে, তন্মধ্যে (অ) শতকরা ৬০ (ষাট) ভাগ স্থাপত্যে ডিপ্লোমাধারী ড্রাফটসম্যান (নকশাকার) (গ্রেড-১) পদের জন্য; এবং (আ) শতকরা ৪০ (চল্লিশ) ভাগ সিভিল/আর্কিটেকচার/ বিল্ডিং ড্রাফটিং এ ট্রেড কোর্স সনদধারী ড্রাফটসম্যান (নকশাকার) (গ্রেড-১) পদের জন্য নির্ধারিত থাকিবে: তবে শর্ত থাকে যে, ট্রেড কোর্স সনদধারী ড্রাফটসম্যান (নকশাকার) (গ্রেড-১) পদ হইতে পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া গেলে শূন্যপদ ডিপ্লোমাধারী ড্রাফটসম্যান (নকশাকার) (গ্রেড-১) পদধারীদের দ্বারা পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য হইবে; এবং<br>(খ) শতকরা ২০ (বিশ) ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতি ক্ষেত্রে:**<br>ড্রাফটসম্যান (নকশাকার) (গ্রেড-১) পদে ৩ (তিন) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) বাংলাদেশ কারিগরী শিক্ষাবোর্ড হইতে ৪ (চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন-আর্কিটেকচার এ ডিপ্লোমা;<br>(খ) সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক পেশায় ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা; এবং<br>(গ) কম্পিউটার এইডেড ড্রাফটিং ও 3D নকশায় পারদর্শী। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১৩। | উপ-সহকারী প্রকৌশলী | - | প্রেষণে নিয়োগের মাধ্যমে | গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলীদের মধ্য হইতে প্রেষণে বদলির মাধ্যমে। |
| ১৪। | লাইব্রেরীয়ান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞানে দ্বিতীয় শ্রেণির বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি; অথবা<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞানে দ্বিতীয় শ্রেণির বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ১৫। | ড্রাফটসম্যান (নকশাকার) (গ্রেড-১) | - | পদোন্নতির মাধ্যমে | ড্রাফটসম্যান (নকশাকার) (গ্রেড-২) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| ১৬। | ৩ ডি এনিমেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) বাংলাদেশ কারিগরী শিক্ষাবোর্ড হইতে ৪ (চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন-আর্কিটেকচার;<br>(খ) কম্পিউটার এইডেড ড্রাফটিং এবং ত্রিমাত্রিক নক্সা প্রণয়নে অন্যূন ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৭। | ড্রাফটসম্যান (নকশাকার) (গ্রেড-২) | ৩০ বৎসর | (ক) শতকরা ৭৫ (পঁচাত্তর) ভাগ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) শতকরা (পঁচিশ) ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>ড্রাফটসম্যান (নকশাকার) (গ্রেড-৩) পদে ৩ (তিন) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড হইতে স্থাপত্যে অন্যূন ডিপ্লোমাসহ কম্পিউটার এইডেড ড্রাফটিং এ অন্যূন ২ (দুই) বৎসরের কাজের অভিজ্ঞতা; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১৮। | তত্ত্বাবধায়ক | -- | (ক) শতকরা ৫০ (পঞ্চাশ) ভাগ উচ্চমান সহকারী; এবং<br>(খ) শতকরা ৫০(পঞ্চাশ) ভাগ সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর পদ হইতে পদোন্নতির মাধ্যমে | উচ্চমান সহকারী অথবা সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| ১৯। | ড্রাফটসম্যান (নকশাকার) (গ্রেড-৩) | -- | পদোন্নতির মাধ্যমে | ড্রাফটসম্যান (নকশাকার) (গ্রেড-৪) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ২০। | উচ্চমান সহকারী | -- | পদোন্নতির মাধ্যমে | অফিস সহকারী, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক অথবা কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে ৬ (ছয়) বৎসরের চাকুরী। |
| ২১। | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর | ৩০ বৎসর | (ক) শতকরা ৭৫ (পঁচাত্তর) ভাগ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) শতকরা (পঁচিশ) ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন ২য় বিভাগ/ শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) তফসিল-৩ ও ৬ (ক) অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২২। | সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) তফসিল-৩ ও ৬(ক) অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২৩। | কেয়ারটেকার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৪। | ড্রাফটসম্যান (নকশাকার) (গ্রেড-৪) | ৩০ বৎসর বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৫ (পাঁচ) বৎসর শিথিল যোগ্য | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় ২য় বিভাগ বা সমমানের জিপিএসহ উত্তীর্ণসহ কোনো অনুমোদিত প্রতিষ্ঠান হইতে ২ (দুই) বৎসর মেয়াদী সিভিল/আর্কিটেকচার/ বিল্ডিং ড্রাফটিং সার্টিফিকেটসহ কম্পিউটার এইডের ড্রাফটিং এ ২ (দুই) বৎসরের কাজের অভিজ্ঞতা; অথবা<br>(খ) বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড হইতে আর্কিটেকচার বিষয়ে অন্যূন ৪ (চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা ডিগ্রি;<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৫। | মডেল মেকার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে;<br>তবে শর্ত থাকে যে, পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>সহকারী মডেল মেকার পদে ৬ (ছয়) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ ২ (দুই) বৎসর মেয়াদী সিভিল/ আর্কিটেকচার/ বিল্ডিং ড্রাফটিং সার্টিফিকেটসহ কম্পিউটার এইডেড ড্রাফটিং ও মডেল তৈরির কাজে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; অথবা |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | (খ) বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড হইতে স্থাপত্য বিষয়ে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ-তে ডিপ্লোমা ডিগ্রিসহ মডেল তৈরির কাজে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা;<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৬। | টেলিফোন অপারেটর | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে শর্ত থাকে যে, পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>সহকারী টেলিফোন অপারেটর পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ বৈদ্যুতিক/ টেলিকমিউনিকেশন কাজে অন্যূন ১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(খ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৭। | অফিস সহকারী | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে শর্ত থাকে যে, পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>(ক) বিধি ৮(১) এর অধীন রহিতকৃত Non-gazetted Employees (Department of Architecture) Recruitment Rules, 1984 এর অধীন নিয়োগপ্রাপ্ত অফিস সহায়ক পদে ৭ (সাত) বৎসরের চাকুরী; এবং<br>(খ) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে ২য় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৮। | অফিস সহকারী কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৩০ বৎসর | (ক) শতকরা ১০ (ভাগ) পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) শতকরা ৯০ (নব্বই) ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে; | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>(ক) প্রিন্টার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষর বাংলা ও ইংরেজি টাইপিং এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ২০ শব্দ।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন ২য় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) তফসিল-৩ ও ৬ (খ) অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৯। | কম্পিউটার মুদ্রাক্ষরিক | - | পদোন্নতির মাধ্যমে | ক) প্রিন্টার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষর বাংলা ও ইংরেজি টাইপিং এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ২০ শব্দ। |
| ৩০। | সহকারী টেলিফোন অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ বৈদ্যুতিক/ টেলিকমিউনিকেশন কাজে অন্যূন ১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞাতা;এবং<br>(খ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩১। | গাড়ী চালক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি কর্তৃক ইস্যুকৃত বৈধ লাইসেন্সসহ (ভারী লাইসেন্স/ হালকা লাইসেন্স) ভারী/হালকা যানবাহন চালনায় পারদর্শী; এবং (গ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩২। | প্রিন্টার | - | পদোন্নতির মাধ্যমে | সহকারী প্রিন্টার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৩৩। | সহকারী মডেল মেকার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) ২ (দুই) বৎসর মেয়াদী সিভিল/ আর্কিটেকচার/ বিল্ডিং ড্রাফটিং সার্টিফিকেটসহ কম্পিউটার এইডেড ড্রাফটিং এবং মডেল তৈরির কাজে ১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা ; এবং (গ) তফসিল- ৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩৪। | সহকারী প্রিন্টার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কোনো অনুমোদিত প্রতিষ্ঠান হইতে ২(দুই) বৎসর মেয়াদি সিভিল/ আর্কিটেকচার/বিল্ডিং ড্রাফটিং সার্টিফিকেটসহ প্রিন্টিং কাজে অন্যূন ১(এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(খ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৫। | ইলেকট্রিশিয়ান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) বাংলাদেশ কারিগরী শিক্ষাবোর্ড হইতে ইলেকট্রিক্যাল বিষয়ে এসএসসি (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে অন্যূন ১(এক) বৎসরের অভিজ্ঞতা; এবং<br>(খ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৬। | প্লাম্বার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) বাংলাদেশ কারিগরী শিক্ষাবোর্ড হইতে প্লাম্বিং ট্রেড সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট কাজে অন্যূন ২(দুই) বৎসরের অভিজ্ঞতা; এবং<br>(খ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩৭। | কার্পেন্টার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) বাংলাদেশ কারিগরী শিক্ষাবোর্ড হইতে কার্পেন্ট্রি ট্রেড সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট কাজে অন্যূন ২(দুই) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; এবং<br>(খ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৮। | বুক বাইন্ডার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে অন্যূন ২(দুই) বৎসরের বাস্তব কাজের অভিজ্ঞতা; এবং<br>(খ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৯। | লিফটম্যান | "আউট সোর্সিং (out sourcing) এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী। | | |
| ৪০। | অফিস সহায়ক | "আউট সোর্সিং (out sourcing) এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী। | | |
| ৪১। | পরিচ্ছন্নতা কর্মী | "আউট সোর্সিং (out sourcing) এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী। | | |
| ৪২। | বার্তাবাহক | "আউট সোর্সিং (out sourcing) এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী। | | |
| ৪৩। | নিরাপত্তা প্রহরী | "আউট সোর্সিং (out sourcing) এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী। | | |
| ৪৪। | মালি | "আউট সোর্সিং (out sourcing) এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী। | | |

**তফসিল-২**

*[তফসিল-১ এর ক্রমিক নং ১৬, ১৭, ২৪ এবং ২৫ দ্রষ্টব্য]*

৩ডি এনিমেটর, ড্রাফটসম্যান (নকশাকার) (গ্রেড-২), ড্রাফটসম্যান (নকশাকার) (গ্রেড-৪) এবং মডেল মেকার পদে সরাসরি নিয়োগের জন্য প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর, ইত্যাদি হইবে নিম্নরূপ, যথা:—

| ক্রমিক নং | পরীক্ষা পদ্ধতি ও বিষয়াবলি | বিষয়ভিত্তিক নম্বর | মোট নম্বর | লিখিত পরীক্ষার সর্বনিম্ন পাস নম্বর | লিখিত পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|
| ক. | ১. লিখিত পরীক্ষার বিষয় | | | | |
| | বাংলা | ২৫ | ১০০ | ৫০% | ৯০ মিনিট |
| | ইংরেজী | ২৫ | | | |
| | গণিত/পদ সংশ্লিষ্ট বিষয় | ৩০ | | | |
| | সাধারণ জ্ঞান | ২০ | | | |
| খ. | ২. মৌখিক পরীক্ষা | | ১০ | | |
| | | সর্বমোট নম্বর: | ১১০ | | |

**ব্যাখ্যা :** লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

**তফসিল-৩**

*[তফসিল-১ এর ক্রমিক নং ২১, ২২, ২৩, ২৬, ২৭, ২৮ এবং ৩০ দ্রষ্টব্য]*

সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর, সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, কেয়ারটেকার, টেলিফোন অপারেটর, অফিস সহকারী, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক এবং সহকারী টেলিফোন অপারেটর পদে সরাসরি নিয়োগের জন্য প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর, ইত্যাদি হইবে নিম্নরূপ, যথা:—

| ক্রমিক নং | পরীক্ষা পদ্ধতি ও বিষয়াবলি | বিষয়ভিত্তিক নম্বর | মোট নম্বর | লিখিত পরীক্ষার সর্বনিম্ন পাস নম্বর | লিখিত পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|
| ক. | ১. লিখিত পরীক্ষার বিষয় | | | | |
| | বাংলা | ৩০ | ১০০ | ৫০% | ৯০ মিনিট |
| | ইংরেজী | ৩০ | | | |
| | গণিত | ২০ | | | |
| | সাধারণ জ্ঞান | ২০ | | | |
| খ. | ২. মৌখিক পরীক্ষা | | ১০ | | |
| | | সর্বমোট নম্বর: | ১১০ | | |

**ব্যাখ্যা :** লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবে।

## তফসিল-৪

*[তফসিল-১ এর ক্রমিক নং ৩১ দ্রষ্টব্য]*

গাড়ী চালক পদে সরাসরি নিয়োগের জন্য প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর, ইত্যাদি হইবে নিম্নরূপ, যথাঃ—

| ক্রমিক নং | পরীক্ষা পদ্ধতি ও বিষয়াবলি | বিষয়ভিত্তিক নম্বর | মোট নম্বর | লিখিত পরীক্ষার সর্বনিম্ন পাস নম্বর | লিখিত পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|
| ক. | ১. লিখিত পরীক্ষার বিষয় | | | | |
| | বাংলা | ১৫ | ৪০ | ৫০% | ৬০ মিনিট |
| | ইংরেজী | ১০ | | | |
| | গণিত/পদ সংশ্লিষ্ট বিষয় | ১৫ | | | |
| খ. | ২. মৌখিক পরীক্ষা | | ১০ | | |
| | সর্বমোট নম্বরঃ | | ৫০ | | |

**ব্যাখ্যা :** লিখিত পরীক্ষা এবং বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) কর্তৃক মনোনীত প্রতিনিধির উপস্থিতিতে গৃহীত ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবে।

## তফসিল-৫

*[তফসিল-১ এর ক্রমিক নং ৩৩, ৩৪, ৩৫, ৩৬, ৩৭ এবং ৩৮ দ্রষ্টব্য]*

সহকারী মডেল মেকার, সহকারী প্রিন্টার, ইলেকট্রিশিয়ান, প্লাম্বার, কার্পেন্টার এবং বুক বাইন্ডার পদে সরাসরি নিয়োগের জন্য প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর, ইত্যাদি হইবে নিম্নরূপ, যথাঃ—

| ক্রমিক নং | পরীক্ষা পদ্ধতি ও বিষয়াবলি | বিষয়ভিত্তিক নম্বর | মোট নম্বর | লিখিত পরীক্ষার সর্বনিম্ন পাস নম্বর | লিখিত পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|
| ক. | ১. লিখিত পরীক্ষার বিষয় | | | | |
| | বাংলা | ১৫ | ৪০ | ৫০% | ৬০ মিনিট |
| | ইংরেজী | ১০ | | | |
| | গণিত/পদ সংশ্লিষ্ট বিষয় | ১৫ | | | |
| খ. | ২. মৌখিক পরীক্ষা | | ১০ | | |
| | সর্বমোট নম্বরঃ | | ৫০ | | |

**ব্যাখ্যা : ১।** লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবে।

## তফসিল-৬(ক)

*[তফসিল-১ এর ক্রমিক নং ২১ এবং ২২ দ্রষ্টব্য]*

সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর এবং সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর পদে সরাসরি নিয়োগের প্রার্থীদের সাঁটলিপি ও কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার গতি, নম্বর, ইত্যাদি হইবে নিম্নরূপ, যথা :—

| পদের নাম | ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | ইংরেজী পরীক্ষায় মোট নম্বর | বাংলা পরীক্ষায় মোট নম্বর | প্রতি বিষয়ে সর্বনিম্ন পাস নম্বর | ইংরেজী পরীক্ষার সময় | বাংলা পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|---|---|
| **সাঁটলিপি** | | | | | | | |
| সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর | ৮০ শব্দ | ৫০ শব্দ | ১০০ | ১০০ | ৪০% | ৫ মিনিট | ৫ মিনিট |
| সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | ৭০ শব্দ | ৪৫ শব্দ | ১০০ | ১০০ | ৪০% | ৫ মিনিট | ৫ মিনিট |
| **কম্পিউটার মুদ্রাক্ষর** | | | | | | | |
| সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর | ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ১০ মিনিট | ১০ মিনিট |
| সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ১০ মিনিট | ১০ মিনিট |

**ব্যাখ্যা :** ১। সাঁটলিপি নোট প্রতিলিপিকরণ (Transcribe) এর জন্য ৩০ মিনিট সময় বরাদ্দ থাকিবে;

২। ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জন করে নাই বলিয়া গণ্য হইবে;

৩। বাংলা ও ইংরেজী উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে; এবং

৪। সর্বনিম্ন গতিকে পাস নম্বর (৪০%) হিসাবে গণ্য করা হইবে।

## তফসিল-৬(খ)

*[তফসিল-১ এর ক্রমিক নং ২৮ দ্রষ্টব্য]*

অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে সরাসরি নিয়োগের প্রার্থীদের কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার গতি, নম্বর, ইত্যাদি হইবে নিম্নরূপ, যথা :—

| পদের নাম | ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | ইংরেজী কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষায় মোট নম্বর | বাংলা কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষায় মোট নম্বর | প্রতি বিষয়ে পাস নম্বর | ইংরেজী পরীক্ষার সময় | বাংলা পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|---|---|
| অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ২০ শব্দ | ২০ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ১০ মিনিট | ১০ মিনিট |

**ব্যাখ্যা :** ১। বাংলা ও ইংরেজী উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে;

২। ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জন করে নাই বলিয়া গণ্য হইবে; এবং

৩। সর্বনিম্ন গতিকে পাস নম্বর (৪০%) হিসাবে গণ্য করা হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শহীদ উল্লা খন্দকার**

সচিব।

মোঃ সাখাওয়াত হোসেন, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd